

## সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪০৫

২২/ সাওম [রোযা] (১যা় ১যা)

পরিচ্ছেদঃ ৭৯/ মাসে চার দিন সাওম পালন করা

# باب صِيَامِ أَرْبَعَةِ أَيَّامٍ مِنَ الشَّهْرِ

#### আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ قَالَ حَدَّقَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ قَالَ حَدَّثَنِي شُعْبَةُ عَنْ زِيَاد بْنِ فَيَّاضٍ قَالَ سَمِعْتُ أَبًا عِيَاضٍ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍ وَ قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَمُ مِنْ الشَّهْرِ يَوْمًا وَلَكَ أَجْرُ مَا بَقِيَ قُلْتُ إِنِّي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ قَالَ عَلَيْهِ وَسَلَّمَ صَمُ مُنْ الشَّهْرِ يَوْمًا وَلَكَ أَجْرُ مَا بَقِيَ قُلْتُ إِنِّي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ قَالَ فَصَمُ ثَلَاثَةَ أَيَّامٍ وَلَكَ فَصَمُ مُنْ الشَّهُ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ قُلْتُ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ قَالَ صَمُ أَرْبَعَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ قُلْتُ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ قَالَ صَمُ أَرْبَعَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ قُلْتُ إِنِي أُطِيقُ أَكْثِرَ مِنْ ذَلِكَ قَالَ صَمُ أَرْبَعَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ قُلْتُ إِنِي أُطِيقُ أَكْثِرَ مِنْ ذَلِكَ قَالَ صَمُ أَرْبَعَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ قُلْتُ إِنِي أُطِيقُ أَكْثِرَ مِنْ ذَلِكَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفْضَلُ الصَّوْمِ صَوْمُ دَاوُد كَانَ يَصُومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا

#### বাংলা

২৪০৫. ইবরাহীম ইবন হাসান (রহঃ) ... আব্দুল্লাহ ইবন আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ তুমি প্রত্যেক মাসে একদিন সওম পালন কর তাহলে অবশিষ্ট দিনগুলোর সওয়াবও তুমি পাবে। আমি বললাম, আমি তো এর চেয়েও অধিক সাওম পালনের সামর্থ্য রাখি। তিনি বললেন, তবে তুমি দুইদিন সওম পালন কর, অবশিষ্ট দিনগুলোর সওয়াবও তুমি পাবে। আমি বললাম, আমি তো এর চেয়েও অধিক সাওম পালনের সামর্থ্য রাখি।

তিনি বললেন, তবে তুমি তিন দিন সাওম পালন কর, অবশিষ্ট দিনগুলোর সওয়াবও তুমি পাবে। আমি বললাম, আমি তো এর চেয়েও অধিক সওম পালনের সামর্থ্য রাখি। তিনি বললেন, তবে তুমি চারদিন সওম পালন কর, তুমি অবশিষ্ট দিনগুলোর সওয়াবও তুমি পাবে। আমি বললাম, আমি তো এর চেয়েও অধিক সাওম পালনের সামর্থ্য রাখি। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, সর্বোত্তম সাওম হল দাউদ (আ.)-এর সাওম। তিনি একদিন সওম পালন করতেন আর একদিন সাওম ভঙ্গ করতেন।

## **English**



#### 'Abdullah bin Amr said:

"The Messenger of Allah said to me: 'Fast one day of the month and you will have the reward of what is left.' I said: 'I am able to do more than that.' He said: 'Fast two days and you will have the reward of what is left.' I said: 'I am able to do more than that.' He said: 'Fast three days and you will have the reward of what is left.' I said: 'I am able to do more than that.' He said: 'Fast four days and you will have the reward of what is left.' I said: 'I am able to do more than that.' The messenger of Allah said: 'The best fasting is the fast of Dawud; he used to fast one day and not the next."' 2406. It was narrated that Abu Dharr said: "My beloved Prophet advised me to do three things which I will never give up, if Allah wills. He advised me to pray Duha to pray Witr before sleeping, and to fast three days of each month."

## ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন